



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd

নং-৫৭.১৬.০০০০.০১৩.০২.০০১.২৪-৫৯১

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: নবম শ্রেণি পর্যন্ত প্রতিষ্ঠানভিত্তিক মূল্যায়ন এবং দশম শ্রেণির পাবলিক মূল্যায়ন বিষয়ক জাতীয় শিক্ষাক্রম ২০২২ এর মূল্যায়ন কৌশল ও বাস্তবায়ন নির্দেশনা প্রসঙ্গে

সূত্র: জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের স্মারক নং-৩৭.০৬.০০০০.৪০২.৭১.০৬৮.০২.২৬, তারিখ: ১৬ জুলাই ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নবম শ্রেণি পর্যন্ত প্রতিষ্ঠানভিত্তিক মূল্যায়ন এবং দশম শ্রেণির পাবলিক মূল্যায়ন বিষয়ক জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ এর আলোকে পাবলিক মূল্যায়ন কৌশল ও বাস্তবায়ন নির্দেশনা অনুমোদন সংক্রান্ত এনসিসিসির একটি যৌথ সভা (মোধ্যমিক এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা) গত ০১/০৭/২০২৪ তারিখে শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী, এমপি মহোদয়ের সভাপতিত্বে শিক্ষা মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত মাদ্রাসা শিক্ষাধারা সংশ্লিষ্ট সিদ্ধান্তসমূহ নিম্নরূপ, যা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে প্রকাশ করা হলো:

১. এনসিটিবি কর্তৃক উপস্থাপিত 'মূল্যায়ন কৌশল ও বাস্তবায়ন নির্দেশনা'য় রিপোর্ট কার্ডে ফলাফল উপস্থাপনে ক্ষেত্রে প্রস্তাবিত সাত মাত্রার গুনগত রেটিং স্কেলের পাশাপাশি বর্ণভিত্তিক প্রকাশের বিষয়টি সংযোজন সাপেক্ষে পাবলিক মূল্যায়ন কৌশলটি অনুমোদন করা হয়।
২. মাদ্রাসা শিক্ষাধারার শিক্ষার্থীরা সাধারণ নয়টি বিষয়ে (ধর্ম শিক্ষা ব্যতীত) নতুন শিক্ষাক্রম অনুসারে মূল্যায়নে অংশগ্রহণ করবে এবং মাদ্রাসা শিক্ষার বিশেষায়িত বিষয়গুলোর নতুন শিক্ষাক্রম না হওয়া পর্যন্ত পূর্বের মতোই পরীক্ষা ও মূল্যায়ন হবে। তবে মাদ্রাসার বিশেষায়িত বিষয়গুলোতে পূর্বে নবম-দশম শ্রেণির দুই বৎসরের সিলেবাসে দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হতো কিন্তু ২০২৬ সালের দাখিল পরীক্ষা থেকে কেবল দশম শ্রেণির সিলেবাসের ভিত্তিতে দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়াও কুরআন মাজিদ ও তাজভিদ বিষয়ের পরীক্ষা সৃজনশীল পদ্ধতির পরিবর্তে সনাতন পদ্ধতি তথা হাদিস শরীফ, আকাইদ ও ফিকহ ইত্যাদির মতো গ্রহণ করা হবে।
৩. প্রতিষ্ঠানভিত্তিক মূল্যায়নের ক্ষেত্রে জুলাই মাসে অনুষ্ঠেয় ষাণ্মাসিক সামষ্টিক মূল্যায়নের পর, সেগুলো পর্যালোচনা করে আগামী আগষ্ট মাসে এনসিটিবি NCCC-তে শিখনকালীন মূল্যায়নের জন্য একটি প্রস্তাবনা উপস্থাপন করবে।
৪. জাতীয় শিক্ষাক্রম রূপরেখা-২০২১ এর ২.১৬.২-এ উল্লিখিত 'দশম শ্রেণির শেষে দশম শ্রেণির যোগ্যতা যাচাইয়ে পাবলিক পরীক্ষা অনুষ্ঠিত হবে'। তদনুযায়ী নতুন শিক্ষাক্রমের এসএসসি/সমমান পরীক্ষা ১০ম শ্রেণির যোগ্যতা অনুসারে অনুষ্ঠিত হবে। বিষয়টি এনসিটিবি সংশ্লিষ্টদের পত্রের মাধ্যমে জানাবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিজ্ঞপ্তিটি প্রকাশ করা হলো।

প্রফেসর ড. রিয়াদ চৌধুরী

প্রকাশনা নিয়ন্ত্রক

ফোন: ০২৯৬১১৫৪০

ই-মেইল: conpub@bmeb.gov.bd



সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
- ২। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।